দৈনিক
[illegible]

দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 28 APR 20 3
পৃষ্ঠা ... ১৫ ... ৫

# অর্থায়ন সাপেক্ষে বেসরকারী শিক্ষকদের বেতনের ১০০ ভাগ প্রদান করা হবে ঃ শিক্ষামন্ত্রী

ইত্তেফাক রিপোর্ট ॥ শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান ফারুক বলেছেন, সরকার শিক্ষার উন্নয়নে ব্যাপক পদক্ষেপ গ্রহণ করেছে। সরকারী ও বেসরকারী শিক্ষকদের মধ্যে বিরাজমান বৈষম্য দূরীকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। অর্থায়ন সাপেক্ষে বেসরকারী শিক্ষক-কর্মচারীদের বেতনের শতকরা ১০০ ভাগ প্রদানের বিষয়টিও সরকারের সক্রিয় বিবেচনাধীন

(১৫শ পৃঃ ৬ -এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(শেষ পৃঃ পর)

রয়েছে। গতকাল রবিবার বিয়াম মিলনায়তনে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি এবং বাংলাদেশ অধ্যক্ষ পরিষদ আয়োজিত 'সুশিক্ষার জন্য শিক্ষক এবং নকল নির্মূলে শিক্ষক সংগঠনের ভূমিকা' শীর্ষক সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তৃতাদানকালে শিক্ষামন্ত্রী এই কথা বলেছেন। অধ্যক্ষ পরিষদের সভাপতি প্রফেসর এম শরীফুল ইসলামের সভাপতিত্বে এ অনুষ্ঠানে শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলম, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আব্দুল মমিন চৌধুরী, প্রো-ভিসি অধ্যাপক খলিলুর রহমান, সাংবাদিক গিয়াস কামাল চৌধুরী, অধ্যক্ষ পরিষদের সাধারণ সম্পাদক মাজহারুল হান্নান, শিক্ষক নেতা সেলিম ভূঁইয়া, মাওলানা আব্দুল লতিফ, অধ্যক্ষ ইসহাক হোসেন, অধ্যক্ষ চৌধুরী শহীদ হোসেন, অধ্যাপক সিদ্দিকুর রহমান এবং সফিকুল আলম বক্তৃতা করেন।